

## আল-কাসাস | Al-Qasas | ٱلْقَصِيَصِ

আয়াতঃ ২৮: ৪৮

## 💵 আরবি মূল আয়াত:

فَلَمَّا جَآءَهُمُ الْحَقُّ مِن عِندِنَا قَالُوا لَو لَا أُوتِىَ مِثْلَ مَا أُوتِىَ مُوسَى آ اَوَ لَا أُوتِى مِثْلَ مَا أُوتِى مُوسَى آ اَوَ لَا أُوتِى مِثْلُ اللهِ لَا أُوتِى مِثْلُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ اللهِ اللهُ اللهِ اللهِ اللهُ اللهُ اللهِ اللهُ ال

## 

অতঃপর যখন আমার নিকট থেকে তাদের কাছে সত্য আসল তখন তারা বলল, 'মূসাকে যা দেয়া হয়েছিল তাকে(মুহাম্মাদকে) কেন সেরূপ দেয়া হল না'? ইতঃপূর্বে মূসাকে যা দেয়া হয়েছিল তারা কি তা অস্বীকার করেনি? তারা বলেছিল, 'দু'টিই যাদু, একটি অপরটিকে সাহায্য করে'। আর তারা বলেছিল, 'আমরা সবই অস্বীকারকারী'।

— আল-বায়ান

অতঃপর আমার নিকট থেকে তাদের কাছে যখন সত্য আসল তখন তারা বলল- 'মূসাকে যা দেয়া হয়েছিল তাকে কেন সেরূপ দেয়া হল না? ইতোপূর্বে মূসাকে যা দেয়া হয়েছিল তারা কি তা অস্বীকার করেনি?' তারা বলেছিল- 'দু'টোই যাদু, একটা আরেকটার সহায়তাকারী। আর তারা বলেছিল আমরা (তাওরাত ও কুরআন) সবই প্রত্যাখ্যান করি।' — তাইসিক্রল

অতঃপর যখন আমার নিকট হতে তাদের নিকট সত্য এসে গেল, তারা বলতে লাগলঃ মূসাকে যেরূপ দেয়া হয়েছিল অনুরূপ তাকে দেয়া হলনা কেন? কিন্তু পূর্বে মূসাকে যা দেয়া হয়েছিল তা কি তারা অস্বীকার করেনি? তারা বলেছিলঃ উভয়ই যাদু, একে অপরকে সমর্থন করে; এবং তারা বলেছিলঃ আমরা প্রত্যেককে প্রত্যাখ্যান করি। — মুজিবুর রহমান

But when the truth came to them from Us, they said, "Why was he not given like that which was given to Moses?" Did they not disbelieve in that which was given to Moses before? They said, "[They are but] two works of magic supporting each other, and indeed we are, in both, disbelievers." — Sahih International

৪৮. অতঃপর যখন আমাদের কাছ থেকে তাদের কাছে সত্য আসল, তারা বলতে লাগল, মূসাকে যেরূপ দেয়া হয়েছিল, তাকে সেরূপ দেয়া হল না কেন? কিন্তু আগে মূসাকে যা দেয়া হয়েছিল তা কি তারা অস্বীকার করেনি? তারা বলেছিল, দুটিই যাদু, একে অন্যকে সমর্থন করে। এবং তারা বলেছিল, আমরা



## সকলেই প্রত্যাখ্যান করি।

তাফসীরে জাকারিয়া

- (৪৮) অতঃপর যখন আমার নিকট হতে ওদের নিকট সত্য আগমন করল, তখন ওরা বলতে লাগল, 'মূসাকে যেরূপ দেওয়া হয়েছিল ও (মুহাম্মাদ)কে সেরূপ দেওয়া হল না কেন?'[1] কিন্তু পূর্বে মূসাকে যা দেওয়া হয়েছিল, তা কি ওরা অস্বীকার করেনি? [2] ওরা বলেছিল, 'উভয়ই যাদু, একটি অপরটির সমর্থক।' এবং বলেছিল, 'আমরা উভয়কে প্রত্যাখ্যান করি।'[3]
  - [1] অর্থাৎ, মূসার মত মু'জিয়া দেওয়া হল না কেন? যেমন, লাঠির সাপ হয়ে যাওয়া ও হাতের উজ্জ্বল সাদা হয়ে যাওয়া ইত্যাদি।
  - [2] অর্থাৎ, তাদের চাহিদানুসারে মু'জিযা যদি দেখিয়ে দেওয়া হয়, তাহলেও লাভ কি? কারণ যারা ঈমান গ্রহণ করবে না, তারা বিভিন্ন ধরনের নিদর্শন দেখার পরও ঈমান হতে বঞ্চিত থাকবে। মূসার উক্ত মু'জিযা দেখে কি ফিরআউনীরা মুসলমান হয়েছিল? তারা কি কুফরে অটল থাকেনি? অথবা ايكفُرُوا এর সর্বনাম দ্বারা মক্কার কুরাইশদের প্রতি ইঞ্চিত করা হয়েছে। অর্থাৎ, তারা কি নবী মুহাম্মাদের আগে মূসার সঙ্গে কুফরী করেনি?
  - [3] উপরোক্ত প্রথম ভাবার্থের দিক দিয়ে 'উভয়ই' বলতে মূসা ও হারূন (আলাইহিমাস সালাম)-কে বুঝানো হয়েছে। আর আর্ক্রাত শব্দটি سَاحِرَان এর অর্থ হবে। আর দ্বিতীয় ভাবার্থে 'উভয়ই' বলতে কুরআন ও তাওরাত বুঝাবে। অর্থাৎ, উভয়ই যাদু যা এক অপরের সমর্থক। আর আমরা প্রত্যেককে অর্থাৎ, মুহাম্মাদ ও মূসাকে অস্বীকার করি। (ফাতহুল কাদীর)

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3300

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন